

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৬৪

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ ফজরের দু' রাকআত সুন্নতের গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِيْ عَبدِ اللهِ بِلاَلِ بِنِ رَبَاحِ مُؤَذِّنِ رَسُولِ اللهِ عَلَيْ : أَنَّهُ أَتَى رَسُولَ اللهِ عَلِيْ لِيُؤْذِنَهُ بِصَلاَةِ الغَدَاةِ فَشَغَلَتْ عَائِشَةُ بِلالاً بِأَمْرٍ سَأَلَتْهُ عَنهُ حَتَّى أَصْبَحَ جِدّاً فَقَامَ بِلاَلٌ فَآذَنَهُ بِالصَّلاَةِ وَتَابَعَ أَذَانَهُ فَلَمْ يَخْرُجْ رَسُولُ اللهِ عَلِيْ فَلَمَّا خَرَجَ صَلَّى بِالنَّاسِ فَأَخْبَرَهُ أَنَّ بِالصَّلاَةِ وَتَابَعَ أَذَانَهُ فَلَمْ يَخْرُجْ رَسُولُ اللهِ عَلِيْ فَلَمَّا خَرَجَ صَلَّى بِالنَّاسِ فَأَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ شَغَلَتْهُ بِأَمْرٍ سَأَلَتْهُ عَنهُ حَتَّى أَصِبْحَ جِدًّا وَأَنَّهُ أَبْطَأَ عَلَيْهِ بِالخُرُوجِ فَقَالَ _ يَعني عَائِشَةَ شَغَلَتْهُ بِأَمْرٍ سَأَلَتْهُ عَنهُ حَتَّى أَصِبْحَ جِدًّا وَأَنَّهُ أَبْطَأَ عَلَيْهِ بِالخُرُوجِ فَقَالَ _ يَعني النَّبِيَ عَلِي لِي الشَّرِي عَلَيْ إِنِي كُنْتُ رَكِعْتُ رَكُعْتَى الفَجْرِ فَقَالَ : يَا رَسُولَ اللهِ إِنَّكَ أَصِبْحُتَ جِدًا ؟ النَّبِي كُنْتُ رَكِعْتُ رَكُعْتَى الفَجْرِ فَقَالَ : يَا رَسُولَ اللهِ إِنَّكَ أَصِبْحُتَ جِدًا ؟ فَقَالَ لَوْ أَصْبُحْتُ أَكُنُ مِمَّا أَصِبْحُتُ لَرَكَعْتُهُمَا وَأَحْسَنْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَحْسَنْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَأَجْمَلْتُهُمَا وَاللَّالَةِ اللَّهِ الْمَالِدَ حسن

বাংলা

(৮৬৪) আবূ আব্দুল্লাহ বিলাল ইবনে রাবাহ যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর মুআযযিন ছিলেন। (একবার) রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের নামাযের খবর দেবার মানসে তাঁর নিকট হাযির হলেন। তখন আয়েশা (রাঃ) তাঁকে এমন বিষয়ে ব্যস্ত রাখলেন, তিনি যে সম্পর্কে তাঁকে জিজ্ঞাসাবাদ করছিলেন। শেষ পর্যন্ত ভোর খুব বেশি পরিস্ফুট হয়ে পড়ল, সুতরাং বিলাল দাঁড়িয়ে নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে নামাযের খবর দিলেন এবং বারংবার জানাতে থাকলেন। কিন্তু তিনি বাইরে এলেন না। (তার কিছুক্ষণ পর) তিনি এলেন ও লোকদেরকে নিয়ে নামায পড়লেন।

তখন বিলাল (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানালেন যে, আয়েশা (রাঃ) তাঁকে এমন বিষয়ে ব্যস্ত রেখেছিলেন, যে সম্পর্কে তিনি তাঁকে জিজ্ঞাসাবাদ করছিলেন। শেষ পর্যন্ত খুব ফর্সা হয়ে গেল এবং তিনিও বাইরে আসতে দেরি করলেন। তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি ফজরের দু' রাকআত সুন্নত পড়ছিলাম। বিলাল বললেন, হে আল্লাহর রসূল! আপনি তো একদম সকাল করে দিলেন। তিনি বললেন, তার চেয়েও বেশি সকাল হয়ে গেলেও, আমি ঐ দু' রাকআত সুন্নত পড়তাম এবং সুন্দর ও উত্তমরূপে পড়তাম।

ফুটনোট



(আবূ দাউদ ১২৫৯, হাসান সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন